

## যেও না এখনি চলে

অনিন্দ্যা, যেও না এখনি চলে, এখনো আকাশে চাঁদ  
নক্ষত্রেরা এখনো জেগে আছে, আমি জেগে আছি  
এখনো ল্যাপটে আছে প্রেমের উষ্ণতা সর্বদে আমার ।

পাশে আছ যতক্ষণ, তুমিই পৃথিবী আমার  
তুমি চলে গেলে সময় থমকে যাবে, জীবন ফুরাবে,  
শেষ হবে না এই রাত আর কোনদিনই ।

ভালবাসা আছে, কুসুম কোরক আছে  
তুমি আছ, আমি আছি, দু'জনার মধ্যখানে স্বপ্ন আছে  
আকাশে বাতাসে মিশে আছে শিহরণ তার,  
তুমি চলে গেলে চাঁদ চলে যাবে, নক্ষত্র বিদায় নেবে  
শূন্য শয্যায় পড়ে থাকবে বিচূর্ণ স্বপ্নের কিছু অবশেষ ।

যেও না এখনি চলে, এখনো রাত্রির রহস্য হয় নাই শেষ  
এখনো খুঁজতে বাকী কোথায় বেঁধেছি ঘর  
কোনখানে বাঁধা আছে সুখের গাঁটছড়া ।

তুমি চলে গেলে, ভালবাসা কি থাকবে একেলা আমার সাথে !

ঢাকা : ২২.০১.২০০৭

মুহম্মদ আবদুস সালাম